

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৫১

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - স্বামীর সম্পদ থেকে স্ত্রীর সদাকাহ্ করা

আরবী

عَنْ أَبِي أُمَامَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي خُطْبَتِهِ عَامَ حُجَّةِ الْوَدَاعِ: «لَا تُنْفِقُ امْرَأَةٌ شَيْئًا مِنْ بَيْتِ زَوْجِهَا إِلَّا بِإِذْنِ زَوْجِهَا» . قِيلَ: يَا رَسُولَ اللَّهِ وَلَا الطَّعَامَ؟ قَالَ: «ذَلِكَ أَفضل أَمْوَالنَا» . رَوَاهُ التِّرْمِذِيِّ

বাংলা

১৯৫১-[৫] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বিদায় হাজের (হজের/হজের) ভাষণে বলতে শুনেছি, কোন রমণী যেন তার স্বামীর ঘরের কোন কিছু স্বামীর হুকুম ব্যতীত খরচ না করে। তাঁকে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! খাদ্য সামগ্রী খরচ করতে পারবে না? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ খাদ্যদ্রব্য আমাদের উত্তম ধন-সম্পদ। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: আত্ তিরমিয়ী ২১২০, মুসান্নাফ 'আবদুর রায্যাক্ব ১৬৬২১, ইবনু আবী শায়বাহ্ ২২০৮৫, সহীহ আত্ তারগীব ৯৪৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, স্বামীর স্পষ্ট অনুমতি, আদেশ বা ইঙ্গিত বা প্রথা ছাড়া কোন স্ত্রীর স্বামীর সম্পদ থেকে কোন কিছু দান করা বৈধ নয়। এ সম্পর্কিত কথা পূর্বের হাদীসের ব্যাখ্যায় আলোচনা করা হয়েছে। একই অর্থের হাদীস সুনানে বায়হাকীতেও রয়েছে। অত্র হাদীসে খাদ্যকে সবচেয়ে উত্তম সম্পদ বলা হয়েছে। যেখানে স্বামীর অনুমতি ছাড়া অন্য কোন সামান্য খাদ্যও দান করা বৈধ নয়- সেখানে সর্বোত্তম খাদ্য দান করা বৈধ হয় কিভাবে?

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন